# বিএনপিকে এখনই আওয়ামী লীগের সঙ্গে তুলনা করতে চাই না: সারজিস




সারজিস আলম। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম বলেছেন, বিএনপিকে এখনই আওয়ামী লীগের সঙ্গে তুলনা করতে চান না তারা।

শনিবার (২৯ আগস্ট) দুপুরে কুমিল্লা নগরীর একটি পার্টি সেন্টারে এনসিপির কুমিল্লা উত্তর ও দক্ষিণ জেলা এবং মহানগরের সাংগঠনিক সমন্বয় সভা ও রাজনৈতিক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

সারজিস আলম বলেন, সরকারের ছয় মাস পূর্ণ হওয়ার আগেই বিএনপিকে নিয়ে মানুষের মধ্যে নানা ধরনের আলোচনা শুরু হয়েছে। তবে এ মুহূর্তে বিএনপির সঙ্গে আওয়ামী লীগের তুলনা করতে চায় না এনসিপি।

তিনি বলেন, আওয়ামী লীগ ২০০৯ সালে পিলখানা হত্যাকাণ্ড এবং ২০১৩ সালে শাপলা চত্বরে হত্যাকাণ্ড ঘটিয়েছে। ২০২৪ সালের গণঅভ্যুত্থানেও আওয়ামী লীগের হাতে ১ হাজার ৪০০-এর বেশি মানুষ নিহত হয়েছে বলে দাবি করেন তিনি।

LENS ASIA

সারজিস আরও বলেন, আওয়ামী লীগ গণহত্যা ও হত্যাকাণ্ডের জন্য দায়ী এবং দলটির নেতারা দেশ ছেড়ে পালিয়ে গেছেন। এসব কারণে বিএনপিকে এখনই আওয়ামী লীগের সঙ্গে তুলনা করা উচিত নয় বলে মন্তব্য করেন তিনি।

তিনি বলেন, এনসিপি ভবিষ্যতেও বিএনপিকে আওয়ামী লীগের সঙ্গে তুলনা করতে চায় না।